# এসএসসি পরীক্ষা ২০২১ এর মডেল প্রশ্ন (সকল বোর্ডের জন্য)

## ইসলাম ও নৈতিক শিক্ষা

বিষয় কোড: | ১ | ১ | ১ |

### সৃজনশীল প্রশ্ন

সময় — ২ ঘণ্টা ৩০ মিনিট

পূর্ণমান — ৭০

*[দ্রষ্টব্য: ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ দিয়ে লক্ষ করো এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। যে কোনো **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]*

**১.▶** শাহবাজ সাহেব একজন চাকুরিজীবী। তিনি প্রায়ই বিনা কারণে অফিসে দেরি করে আসেন। এ ব্যাপারে জিজ্ঞেস করলে তিনি মনগড়া অজুহাত পেশ করে থাকেন। সহকর্মীদের কাছ থেকে কিছু ধার নিলে তা যথাসময়ে ফেরত দেন না। অথচ পোশাক-পরিচ্ছেদে তাকে ভদ্রলোক মনে হয়।

ক. كل نفس ذائقة الموت (কুল্লু নাফসিন যায়িকাতুল মাওতি) বাক্যের অর্থ কী? ১

খ. "আখিরাতের বিশ্বাস মানুষকে সৎ কাজে উদ্বুদ্ধ করে"— বুঝিয়ে লেখ। ২

গ. শাহবাজ সাহেবের কর্মকাণ্ডে কাদের আচরণ প্রকাশ পেয়েছে? হাদিসের উদ্বৃতিসহ লেখ। ৩

ঘ. শাহবাজ সাহেবের কর্মকাণ্ডের পরিণতি ইসলামি শরিয়তের আলোকে কমপক্ষে আল্লাহর ১টি বাণী এবং মহানবি (স:) এর ১টি বাণীর সাহায্যে বিশ্লেষণ করো। ৪

**২.▶** নাজিম সাহেব ২টি সন্তান রেখে মৃত্যুবরণ করেন। ইয়াতিম ২টি সন্তানের লালন পালনের দায়িত্ব পড়ে তার ভাই শামীমের উপর। কিন্তু শামীম শিশু দুটির লালন পালন করার নামে তাদের সব সম্পদ আত্মসাৎ করে। শিশুরা প্রাপ্তবয়স্ক হয়ে তাদের পিতার রেখে যাওয়া সম্পত্তি ফেরত চাইলে শামীম তাদের ধমক দেয়। বিষয়টি মহল্লার ইমাম সাহেবকে জানালে তিনি শামীমকে বললেন, "ইয়াতিমের সম্পদ ফেরত দিতে এবং সূরা আদ-দুহার শিক্ষা কাজে লাগানোর জন্য উপদেশ দেন।

ক. কোন সূরায় আল্লাহ সামুদ সম্প্রদায়ের পরিণতির কথা বর্ণনা করেছেন? ১

খ. "সেই সফলকাম হবে, যে নিজেকে পবিত্র করবে, আর সে ব্যর্থ হবে, যে নিজেকে কলুষিত করবে"— আয়াতটি বুঝিয়ে লেখ। ২

গ. শামীমের প্রতি ইমাম সাহেবের আদেশ কীরূপ হয়েছে? ইসলামের আলোকে ব্যাখ্যা করো। ৩

ঘ. ইমাম সাহেব যে সূরার শিক্ষা কাজে লাগানোর জন্য উপদেশ দেন সে সূরা থেকে তুমি কী কী শিখতে পেরেছ? বিস্তারিত লেখ। ৪

https://teachingbd24.com

৩.▶ অভাব অনটনের সংসারে লোকমান সাহেব মেয়ের বিয়ে উপলক্ষে প্রতিবেশী কালাম সাহেবের কাছে ২ লক্ষ টাকা ধার চাইলে বছরান্তে ২ লক্ষ ৫০ হাজার টাকা ফেরত দেওয়ার শর্তে তাঁকে ধার দেন। তাঁরই ছোট ভাই আকবর ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে উচ্চ শিক্ষা গ্রহণ করে বেকার জীবনযাপন করছে। তিনি তাকে ব্যবসা অথবা চাকরি করার পরামর্শ দিলে সে বলে আমার এসব ভালো লাগে না। আকবরের এরূপ অবস্থা দেখে তার চাচা বলেন "কর্মবিমুখতার স্থান ইসলামে নেই।"

ক. ইসলাম শিক্ষার মূল উৎস কয়টি? ১
খ. আল্লাহর বাণী, "যাতে সম্পদ শুধু তোমাদের অর্থশালীদের মধ্যেই আবর্তিত না হয়" (সূরা আল-হাশর) আয়াতটি দ্বারা কী বুঝানো হয়েছে? ২
গ. কালাম সাহেবের কর্মে আখলাকে যামিমার কোন বৈশিষ্ট্য বিদ্যমান। এর কুফল ব্যাখ্যা করো। ৩
ঘ. আকবরের অবস্থা চিহ্নিত করে তার চাচার উক্তিটির যৌক্তিকতা ইসলামের আলোকে বিচার করো। ৪

৪.▶ ইউটিউবে একজন আলোচকের বিভিন্ন ধর্ম নিয়ে তুলনামূলক আলোচনা শুনে তারেক মন্তব্য করল, "সকল ধর্মই ভালে, তাই যেকোনো একটি ধর্ম গ্রহণ করলেই হবে।" কিন্তু তার বন্ধু বারেক তার কথায় দ্বিমত পোষণ করে বলল, "পূর্ববর্তী ধর্মগুলোতে মানুষ নিজেদের পার্থিব সুবিধার জন্য অনেক বিধান সংযোজন-বিয়োজন করেছে। ইসলাম ধর্মের মূল গ্রন্থ কুরআন শরিফ সংরক্ষণকারী স্বয়ং আল্লাহ। এর কোনো সংযোজন-বিয়োজন করা হবে না বা যাবে না। তাই ইসলাম ছাড়া অন্য কোনো ধর্ম আল্লাহর নিকট গ্রহণযোগ্য নয়।"

ক. "এটি (কুরআন) সে কিতাব, যাতে বিন্দুমাত্র সন্দেহ নেই।"— আয়াতটি কোন সূরার কত নম্বর আয়াত? ১
খ. পবিত্র কুরআনের ৪টি নাম লিখে অর্থ লেখ? ২
গ. সূরা আল ইমরানের ১৯নং আয়াতে আল্লাহ বলেন, "নিশ্চয়ই আল্লাহর নিকট ইসলামই একমাত্র ধর্ম বা জীবনব্যবস্থা"। আয়াতটি আলোকে বারেকের মন্তব্য বিশ্লেষণ করো। ৩
ঘ. ধর্মগ্রন্থ সম্পর্কে তারেকের মন্তব্য তোমার দৃষ্টিতে কেমন? কুরআন ও হাদিস থেকে দলীল— প্রমাণসহ তোমার অভিমত উপস্থাপন করো। ৪

৫.▶ সিরাজ সাহেবের কলকারখানায় কয়েকশত শ্রমিক কাজ করে। মাস শেষে শ্রমিকদের বেতন নিয়ে তার সাথে প্রায়ই ঝগড়াঝাটি হয়। মালিকের এ আচরণে শ্রমিকদের মধ্যে অসন্তোষ দেখা দেয়। বিষয়টি জেনে ইমাম সাহেব বলেন, "মহানবি (স.) বলেছেন, শ্রমিকদের ঘাম শুকানোর আগেই পারিশ্রমিক দিয়ে দাও।"

ক. একজন অধীনস্ত কর্মচারীকে দৈনিক কতবার ক্ষমা করা যেতে পারে? ১
খ. কোন প্রকার উপার্জন উত্তম ও পবিত্র? এ বিষয়ে মহানবি (স.) এর বর্ণিত হাদিসটি লিখ। ২

https://teachingbd24.com

গ. সিরাজ সাহেবের আচরণ কীরূপ হওয়া উচিত? কোরআন ও হাদিসের আলোকে বুঝিয়ে লেখ। ৩
ঘ. উদ্দীপকের ঘটনার প্রেক্ষিতে উল্লিখিত হাদিসটির গুরুত্ব বিশ্লেষণ করো। ৪

৬.▶ দশম শ্রেণিতে ছাত্রছাত্রীদের উদ্দেশ্য শিক্ষক বললেন— আল্লাহ তায়ালার নিকট দুটি বাক্য অত্যন্ত প্রিয়। আমরা খুব সহজেই এগুলো উচ্চারণ করতে পারি, মুখস্ত করতে পারি। এ বাক্যগুলো কিয়ামতের দিন মিযানে তথা সওয়াব ওজনে খুবই ভারী। তিনি আরও বলেন, "আল্লাহ সূরা আম্বিয়ার ৪৭নং আয়াতে বলেছেন, "আমি কিয়ামতের দিন ন্যায় বিচারের মানদণ্ড স্থাপন করব।"
ক. 'আস সাদিকা' নামক সহিফা তথা হাদিসের বিশুদ্ধ গ্রন্থের সংকলকের নাম কী? ১
খ. মতনের উপর ভিত্তি করে হাদিস কত প্রকার ও কী কী? ২
গ. উদ্দীপকে বর্ণিত বাক্য ২টি কী কী? বাক্যগুলোর অর্থ লিখে ব্যাখ্যা করো। ৩
ঘ. 'মিযানে ভারী' বলতে কী বুঝানো হয়েছে? উদ্দীপকে উল্লিখিত আয়াতটি বিশ্লেষণ করো। ৪

৭.▶ বায়তুস সালাম মসজিদের ইমাম সাহেব কোনো সমস্যায় পড়লে আলেম-উলামা ও স্থানীয় জ্ঞানী-গুণীদের সাথে পরামর্শ করে একমত হয়ে তার সমাধান করেন। মুসল্লি নাদিম সাহেব সততা ও বিশ্বস্ততার সাথে ব্যবসা করেন এবং মানুষের কাছে ভেজালমুক্ত জিনিস বিক্রয় করেন।
ক. 'হাসাদুন' শব্দের অর্থ কী? ১
খ. ইসলামি শরিয়তে ফরজ কাকে বলে? এটি কত প্রকার ও কী কী? বুঝিয়ে লেখ। ২
গ. শরিয়তের কোন উৎসের সাথে ইমাম সাহেবের কর্মকাণ্ডের মিল পাওয়া যায়? ব্যাখ্যা করো। ৩
ঘ. নাদিমের কাজের ফলাফল সম্পর্কিত হাদিসটি বিশ্লেষণ করো। ৪

৮.▶ দশম শ্রেণির ইসলাম ও নৈতিক শিক্ষা ক্লাসে শিক্ষক মহোদয় ছাত্রছাত্রীদের উদ্দেশ্যে বলেন, "হযরত মুহাম্মদ (স.) ছিলেন বিশ্বের সর্বকালের সর্বশ্রেষ্ঠ আদর্শ মহামানব। তাঁর চারিত্রিক গুণাবলিতে আরবরা মুগ্ধ হয়েছিল। তিনি যে যুব সংঘ গঠন করেছিলেন তার কাছে আজকের জাতিসংঘ অনেকাংশে ঋণী। সমাজে শান্তি শৃঙ্খলা প্রতিষ্ঠায় তাঁর ভূমিকা প্রশংসনীয়।" শিক্ষক মহোদয় আরও বলেন, "তিনি ছিলেন প্রতিবেশী ও দীন-দুঃখীদের দরদি বন্ধু। তার রেখে যাওয়া আদর্শ ও শিক্ষা প্রতিটি যুগ ও শতাব্দীর মানুষের জন্য মুক্তির দিশারি হিসেব পথ দেখিয়েছে।"
ক. মহানবি (স.) যে যুবসংঘ গঠন করেছিলেন তার নাম কী? ১
খ. মহানবি (স.) কে আরবের লোকেরা আল-আমিন উপাধি দিয়েছিল কেন? বুঝিয়ে লেখ। ২
গ. সমাজের শান্তি শৃঙ্খলা প্রতিষ্ঠায় মহানবি (স.) কীরূপ ভূমিকা পালন করেন? ব্যাখ্যা করো। ৩

https://teachingbd24.com

ঘ. শিক্ষক মহোদয়ের শেষোক্ত উক্তিটির যথার্থতা কুরআন ও হাদিসের আলোকে যাচাই করো। ৪

৯.▶ শোয়াইব সাহেব ধনী মানুষ কিন্তু তিনি আল্লাহর দানের পথে খুবই কৃপণ। তার এ আচরণ লক্ষ করে মসজিদের ইমাম সাহেব ইসলামে দানের ফলিজত ও গুরুত্ব সম্পর্কে আলোচনা করতে গিয়ে হযরত উসমান (রা) এর দানের দৃষ্টান্ত পেশ করে বললেন, "হযরত উসমান (রা) তাঁর অর্থসম্পদ ইসলামের সেবায় উদার হস্তে ব্যয় করেছিলেন।"

ক. কত বছর বয়সে উসমান (রা) ইসলাম ধর্ম গ্রহণ করেন? ১
খ. হযরত উসমান (রা) কে যুননুরাইন বলা হয় কেন? বুঝিয়ে লেখ। ২
গ. সমাজে শোয়াইব সাহেবের মতো ধনী লোকদের কীভাবে অকাতরে দান করার ব্যাপারে উৎসাহিত করা যায়? ৩
ঘ. ইমাম সাহেবের শেষোক্ত উক্তিটি উদাহরণসহ মূল্যায়ন করো। ৪

১০.▶ তোফায়েল সাহেবকে গ্রামের সবাই ভালো মানুষ হিসেবে জানেন। কেননা মানুষের নানা বিপদ-আপদে সর্বদা পাশে থাকা তার স্বভাব। তবে সালাত আদায়ের ব্যাপারে তিনি বেশ উদাসীন। এতে তার বন্ধু রেজওয়ান সাহেব একদিন তাকে বললেন, "বন্ধু তোমার দুনিয়া ও আখিরাতের জীবন সুখময় হতো যদি তুমি সমাজসেবার পাশাপাশি হাক্কুল্লাহ ঠিকমতো আদায় করতে।"

ক. ইবাদতের মূল লক্ষ্য কী? ১
খ. হাক্কুল্লাহ বলতে কী বোঝায়? ২
গ. তোফায়েল সাহেবের কাজগুলোকে ইসলামের পরিভাষায় কী বলা হয়? তাকে কি পূর্ণ মুমিন বলা যাবে? ব্যাখ্যা করো। ৩
ঘ. দুনিয়া ও আখিরাতের জীবন সুখময় হওয়ার জন্য রেজওয়ান সাহেবের মন্তব্যের গুরুত্ব কুরআন ও হাদিসের আলোকে বিশ্লেষণ করো। ৪

১১.▶ জনাব মুহতাদি সাহেব ডিপার্টমেন্টাল সেন্টারের মালিক। তার এ দোকানে ৪০,০০,০০০ (চল্লিশ লক্ষ) টাকার মালামাল রয়েছে। ১৪৩৮ হিজরিতে তিনি ৪০,০০০ (চল্লিশ হাজার) টাকা যাকাত দিলেন। ১৪৩৯ হিজরিতে তিনি হজ পালন করেছেন।

ক. যাকাত ইসলামের কততম স্তম্ভ? ১
খ. "যাকাত সমাজ থেকে বিশৃঙ্খলা দূর করে পারস্পরিক সৌহার্দ্য স্থাপন করে"— বুঝিয়ে লেখ। ২
গ. মুহতাদি সাহেবের যাকাত আদায় সঠিক হয়েছে কি? গাণিতিক হিসাবের মাধ্যমে ব্যাখ্যা করো। ৩
ঘ. ১৪৩৯ হিজরিতে তিনি যে ইবাদতটি পালন করেছেন তার সব ওয়াজিব কাজগুলো লেখ। ৪

https://teachingbd24.com

# বহুনির্বাচনি অভীক্ষা

সময় — ৩০ মিনিট পূর্ণমান — ৩০ বিষয় কোড : | ১ | ১ | ১ |

*[বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান ১।]*

**১. কোনটির পার্শ্বে "জাবালে রহমত" অবস্থিত?**
ⓚ মক্কা শরিফ
ⓛ মদিনা শরিফ
ⓖ বদর প্রান্তর
ⓘ আরাফার ময়দান

**২. "কাওয়ায়েদুল হান্দাসা" কোন বিষয়ের ওপর লিখিত গ্রন্থ?**
ⓚ ভূগোল ⓛ গণিত
ⓖ রসায়ন ⓘ পদার্থ

**৩. "তাযকিয়াতুন নাফস" অর্জন করার মাধ্যম—**
i. তাওবা ও ইসতিগফার
ii. তাওয়াক্কুল ও যুহদ
iii. শোকর ও সালাত
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ⓛ ii
ⓖ iii ⓘ i, ii ও iii

**৪. "নাহি আনিল মুনকার" প্রতিষ্ঠা করার জন্য কোনগুলো প্রয়োজন?**
ⓚ সম্মান, ক্ষমতা, ক্ষমা
ⓛ অর্থ, খ্যাতি, উদারতা
ⓖ হাত, মুখ, অন্তর
ⓘ আকিদা, ইলম ও ফযিলত

**৫. "আল মাজিদ" শব্দের অর্থ কী?**
ⓚ নিরাময় ⓛ সদুপদেশ
ⓖ উপদেশ ⓘ সম্মানিত

**৬. বিশস্ত, সত্যবাদী মুসলিম ব্যবসায়ী কিয়ামতের দিন কাদের সাথে থাকবেন?**
ⓚ শহিদ ⓛ হাফিজ
ⓖ আলিম ⓘ মুমিন

**৭. কোন সূরায় মহান আল্লাহর একত্ববাদের বর্ণনা রয়েছে?**
ⓚ বাকারা ⓛ আলে-ইমরান
ⓖ নিসা ⓘ ইখলাস

**৮. আখিরাতের জীবনের প্রথম স্তর হলো—**
ⓚ হাশর ⓛ কবর
ⓖ মৃত্যু ⓘ কিয়ামত

**৯. পৃথিবীর সকল প্রকার জুলুমের মধ্যে সবচেয়ে বড় কোনটি?**
ⓚ শিরক ⓛ নিফাক
ⓖ কুফর ⓘ ফিসক

**১০. বশির একজন আদর্শ শিক্ষার্থী। তার বৈশিষ্ট্য হলো—**
i. না বুঝে সবকিছু মুখস্থ করা
ii. সুশৃঙ্খল জীবনযাপনে অভ্যস্ত হওয়া
iii. জ্ঞান লাভের ক্ষেত্রে লজ্জাশীল হওয়া
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ⓛ ii ও iii
ⓖ i ও iii ⓘ i, ii ও iii

**নিচের উদ্দীপকটি পড়ে ১১ ও ১২ নং প্রশ্নের উত্তর দাও:**

মরিয়ম হজ পালন করতে গিয়ে শারীরিক অক্ষমতার কারণে সাফা ও মারওয়া পাহাড়দ্বয়ে সাঈ (দৌড়ানো) করতে পারেননি।

**১১. মরিয়ম হজে কোন বিধানটি পালন করেননি?**
ⓚ ফরজ ⓛ ওয়াজিব
ⓖ সুন্নত ⓘ মুস্তাহাব

**১২. মরিয়ম কীভাবে তার কাফ্ফারা দিবেন?**
ⓚ মাথা কামিয়ে ⓛ তাওয়াফ করে
ⓖ গরিবদের দান করে ⓘ দম দিয়ে

**১৩. "কিতাবুল মানাযির" গ্রন্থখানি কোন বিষয়ের উপর রচিত?**
ⓚ দৃষ্টি বিজ্ঞান ⓛ রসায়ন
ⓖ চিকিৎসা ⓘ গণিত

**১৪. ভিক্ষুকদের তিরস্কার না করে সাহায্য সঞ্চয় করতে হবে। এটি কোন সূরার শিক্ষা?**
ⓚ আশ শামস ⓛ ইনশিরাহ
ⓖ দুহা ⓘ তীন

**১৫. মিরাজ খোদাভীর হতে চায়। সেজন্য সর্বাগ্রে চর্চা করতে হবে—**
ⓚ সত্যবাদিতার ⓛ তাকওয়ার
ⓖ মানবসেবার ⓘ শালীনতার

Teachingbd24.com

https://teachingbd24.com

১৬. মুনাফিক চিরকাল জাহান্নামের আগুনে জ্বলবে। কারণ—
ⓚ তাওহিদে অবিশ্বাসী
ⓚ গায়ে পড়ে ঝগড়াকারী
ⓖ মিথ্যাবাদী ⓖ খিয়ানতকারী

১৭. কুফর বর্জনীয়। কারণ—
i. অনৈতিকভাবে প্রসার ঘটে
ii. সাময়িক শান্তি পাওয়া যায়
iii. হতাশার প্রসার ঘটে।
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

১৮. "কাতিবে ওহি" কত জন?
ক) ২৫ খ) ৪০
গ) ৪২ ঘ) ৪৫

নিচের উদ্দীপকটি পড়ে ১৯ ও ২০ নং প্রশ্নের উত্তর দাও:
কোরবানির গোশত যথারীতি ধোয়ার পরও আয়শা দেখতে পান যে কিছু রক্ত পানির সাথে বেরিয়ে আসছে। এমতাবস্থায় তিনি উহা রান্না করে পরিবারের সবাইকে নিয়ে যান।

১৯. উক্ত গোশত খাওয়ার ব্যাপারে ইসলামের বিধান কী?
ক) হারাম খ) হালাম
গ) মাকরুহ ঘ) মুবাহ

২০. মিসেস আয়শার উক্ত কাজের মাধ্যমে প্রকাশ পেয়েছে?
ক) হালাল-হারাম বিষয়ক জ্ঞানের যথার্থতা
খ) হালাম-হারাম বিষয়ক জ্ঞানের অজ্ঞতা
গ) হালাম-হারাম বিষয়ে উদাসীনতা
ঘ) গোশত খাওয়ার চরম আকাঙ্ক্ষা

২১. "লজ্জাশীলতা পুরোটাই কল্যাণময়"— এ কথা কে বলেছেন?
ক) মহানবি (স) খ) আবু বকর (রা.)
গ) উমর (রা.) ঘ) আলি (রা.)

২২. আলি (রা.) ছাত্র-শিক্ষক সম্পর্ককে কী বলেছেন?
ক) বন্ধু খ) পিতা-পুত্র
গ) ওস্তাদ-শাগরেদ ঘ) ভৃত্য-মনিব

২৩. মহানবি (স.) এর আহমদ নাম রেখেছিলেন তার—
ক) দাদা খ) মামা
গ) মা ঘ) বাবা

২৪. "যাকাত" ইসলাম ধর্মের কততম রুকন?
ক) ২য় খ) ৩য়
গ) ৪র্থ ঘ) ৫ম

২৫. হযরত আলি (রা.) এর ডাক নাম—
i. আসাদুল্লাহ
ii. আবু তোরাব
iii. আবুল হাসান
নিচের কোনটি সঠিক?
ক) i খ) ii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

২৬. "মুয়াত্তা" নামক হাদিস গ্রন্থটি কে সংকলন করেছেন?
ক) ইমাম আবু হানিফা খ) ইমাম মালেক
গ) ইমাম শাফেয়ি ঘ) ইমাম আহমদ

২৭. যে ওয়াদা পালন করে না তার কী নেই?
ক) ইমাম খ) ইহসান
গ) দীন ঘ) ইনসাফ

২৮. "হজের মাধ্যমে বিশ্ব ভ্রাতৃত্ব তৈরি হওয়া"— হজের কেমন গুরুত্ব?
ক) ধর্মীয় খ) অর্থনৈতিক
গ) নৈতিক ঘ) সামাজিক

২৯. কিয়ামতের দিন সর্বপ্রথম কিসের হিসাব নেওয়া হবে?
ক) সালাত খ) সাওম
গ) যাকাত ঘ) হজ

৩০. মানুষের উপর মানুষের অধিকারকে কয় ভাগে ভাগ করা হয়েছে?
ক) ৬ খ) ৭
গ) ৮ ঘ) ৯

| উত্তর | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ১ | ঘ | ২ | খ | ৩ | গ | ৪ | গ | ৫ | ঘ | ৬ | ক | ৭ | খ | ৮ | গ | ৯ | ক | ১০ | খ | ১১ | খ | ১২ | ঘ | ১৩ | ঘ | ১৪ | গ | ১৫ | খ |
| | ১৬ | গ | ১৭ | খ | ১৮ | গ | ১৯ | খ | ২০ | ক | ২১ | ক | ২২ | ঘ | ২৩ | গ | ২৪ | খ | ২৫ | গ | ২৬ | খ | ২৭ | গ | ২৮ | ঘ | ২৯ | ক | ৩০ | গ |

Teachingbd24.com